

১। সমবায় কি?	নিজদের আর্থসামাজিক উন্নয়নে একই উদ্দেশ্যে একই সময়ে কোন একটি কাজ করাকে সংক্ষেপে সমবায় বলে।
২। সমবায়ের মূলনীতি কতটি?	০৭টি। যথা- (১) স্বতঃস্ফূর্ত এবং অবাধ সদস্যপদ (২) সদস্যদের গণতান্ত্রিক অংশগ্রহণ (৩) সদস্যদের আর্থিক অংশগ্রহণ (৪) স্বায়ত্ত্ব শাসন ও স্বাধীনতা (৫) শিক্ষা, প্রশিক্ষণ এবং তথ্য (৬) আন্তঃসমবায় সহযোগিতা (৭) সামাজিক অঙ্গীকার।
৩। বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদে সমবায় মালিকানার কথা উল্লেখ রয়েছে?	অনুচ্ছেদ-১৩ (খ)।
৪। অস্ত্রবর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কত দিন?	১২০ দিন।
৫। বার্ষিক সাধারণ সভা কখন করতে হয়?	বার্ষিক নিরীক্ষা সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৬। নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কত বৎসর?	০২ বছর।
৭। বার্ষিক সাধারণ সভার নোটিশ কত দিন পূর্বে দিতে হয়?	সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১৪ (২) বিধি মতে ১৫ দিন পূর্বে।
৮। বিশেষ সাধারণ সভার এজেন্ডা কয়টি?	এক বা একাধিক তবে সুনির্দিষ্ট।
৯। ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা কত?	৬,৯ অথবা ১২ জন।
১০। ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব কি?	সমিতির সার্বিক সর্মকান্ত পরিচালনা করা।
১১। ব্যবস্থাপনা কমিটির সদস্য হতে হলে কমপক্ষে কতদিন ধরে সমিতির সদস্য হতে পারে?	০১ বৎসর।
১২। একজন সদস্য সর্বোচ্চ কতগুলো শেয়ার জম করতে পারবে?	অনুমোদিত শেয়ারের ১/৫ ভাগ।
১৩। শেয়ার ৫০,০০০/- টাকার উর্ধ্বে হলে এ্যডহক কমিটি ও নির্বাচন কমিটি কে নিয়োগ দিবে?	নিবন্ধক জেলা সমবায় অফিসার।
১৪। বার্ষিক সাধারণ সভার কোরাম হবে কত জন?	সদস্য সংখ্যা ১০০ এর কম হলে ১/৩ অংশ, ১০০ এর বেশি কিন্তু ১০০০ এর কম হলে ১/৪ অংশ ১০০০ এর অধিক হলে ১/৫ অংশ।
১৫। নিবন্ধনছাড়া কোন সমিতি সমবায় শব্দটি ব্যবহার করিলে তাহার বিরুদ্ধে কিরূপ শাস্তি ব্যবস্থা রয়েছে?	৯ (৪) ধারা মোতাবেক অনধিক ০৭ বছরের কারাদণ্ড বা ১০,০০০০০/- (দশ লক্ষ) টাকা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত।
১৬। সমবায় সমিতির রেজিস্টার সমূহ সংরক্ষণ করা হয় কত বিধি মতে?	৫৬ বিধি, আইন ২৪ ধারা।
১৭। প্রাথমিক সমবায় সমিতির সর্বোচ্চ অডিট ফি কত?	১০০০০/- (দশ হাজার টাকা)।
১৮। সমিতির নীট লাভের কত % অডিট ফি প্রদান করতে হয়?	১০% (প্রাথমিক সমিতির ক্ষেত্রে সর্বোচ্চ ১০,০০০)
১৯। নিরীক্ষা করা হয় কত ধারায়?	৪৩ ধারায়।
২০। তদন্ত কত ধারায় করতে হয়?	৪৯ ধারায়।
২১। অডিট সংশোধনী প্রতিবেদন কত দিনের মধ্যে করতে হয়?	৬০ দিন।
২২। আইসিএ কি? এর সদর দফতর কোথায়?	আন্তর্জাতিক সমবায় মৈত্রী, জেনেভায়।
২৩। এই উপমহাদেশে সমবায়ের যাত্রা কত সালে?	১৯০৪ সালে।
২৪। নির্বাচিত কমিটির মেয়াদ কত বৎসর?	০৩ বৎসর।
২৫। পরিদর্শন কত ধারায় করা হয়?	৪৮ ধারা।
২৬। হিসাব প্রস্তুত করার দায়িত্ব কার?	সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি।
২৭। সমিতি কত প্রকার?	২৯ প্রকার।
২৮। জাতীয় সমবায় দিবস কখন পালিত হয়?	প্রতি বৎসরের নভেম্বর মাসের প্রথম শনিবার।
২৯। সমিতির নীট লাভের কত % সমবায় উন্নয়ন তহবিল (সি.ডি.এফ) প্রদান করতে হয়?	০৩%
৩০। একটি সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে কত জন সদস্যের প্রয়োজন হয়?	২০ জন।
৩১। সমিতির সদস্য পদ লাভের জন্য কি করতে হয়?	শেয়ার জম, শেয়ারের সমপরিমাণ অর্থ সম্বল হিসাবে জমা এবং ভর্তি ফি প্রদান।
৩২। সমিতির রেকর্ডপত্র সংরক্ষণের দায়িত্ব কার?	ব্যবস্থাপনা কমিটির।
৩৩। নির্বাচিত কমিটি এক নাগারে কয়টি মেয়াদ ক্ষমতায় থাকতে পারে?	০৩টি। ধারা ১৮(৮) (সংশোধিত)
৩৪। সমবায় আইনের অধ্যায় কতটি?	১৩টি।
৩৫। সমবায় আইনের ধারা কতটি?	৯০ টি।
৩৬। বিধি কতটি?	১৬৫ টি।
৩৭। নিরীক্ষা বর্ষ শেষ হওয়ার কত দিনের মধ্যে হিসাব পত্র প্রস্তুত করতে হবে?	৩০ দিন।
৩৮। ব্যবস্থাপনা কমিটির সভার নোটিশ দিতে হয় কতদিন পূর্বে?	০৭ দিন।
৩৯। সমিতিতে কোন বিরোধ দেখা দিলে কত ধারায় 'বিরোধ বিম্পত্তি' করা হয়?	৫০, ৫১ ও ৫২ ধারা
৪০। ব্যবস্থাপনা কমিটির কোন পদ শূন্য হলে কত দিনের মধ্যে শূন্য পদ পূরণ করতে হয়?	৩০ দিন।
৪১। সমিতির সর্বোচ্চ ক্ষমতা কার?	বার্ষিক সাধারণ সভার।
৪২। ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কর্তব্য কি কি?	আর্থিক লেনদেন, আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, সাধারণ সভা আহ্বান, নিরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় হিসাব প্রণয়ন, সমিতি পরিদর্শনে ক্ষমতাবান কর্তৃপক্ষকে পরিদর্শন কাজে সহায়তা ছাড়াও সাধারণ সভায় প্রদত্ত অন্যান্য দায়িত্ব। (৪৭)
৪৩। সমবায় সমিতি সমূহ অবসায়ন ও বিলুপ্তি কত ধারায়?	৫৩ হতে ৫৮ ধারা পর্যন্ত।
৪৪। ব্যবস্থাপনা কমিটির সভা কত দিন পর করতে হয়?	প্রতি মাসে কমপক্ষে ০১ (এক) বার। ৪২(২)
৪৫। কার্যকরী মূলধন কি?	কোন সমবায় সমিতি পরিচালনার জন্য ব্যবহৃত ঋণলব্ধ মূলধনম নিজস্ব মূলধন এবং অনুদান সমন্বয়ে গঠিত মোট মূলধন। ২(গ)
৪৬। সমবায় সমিতির সংরক্ষণযোগ্য রেজিস্টার সমূহ কি?	১. সদস্য রেজিঃ ২. শেয়ার রেজিঃ ৩. সম্বল রেজিঃ ৪. ঋণ রেজিঃ ৫. ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার সিদ্ধান্ত রেজিঃ ৬ ও ক্যাশ বহিঃ ৭. বিধি দ্বারা নির্ধারিত বা নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য বহিঃ রেজিঃ।
৪৭। নিরীক্ষা করা হয় কত বিধিতে?	৯৮ বিধি মতে।
৪৮। নিরীক্ষা ফি দাখিল করা হয় কত বিধি মতে?	১০৭ বিধি মতে।
৪৯। নিরীক্ষা ফি পরিশোধ করা হয় কত বিধি মতে?	১০৮ বিধি মতে।
৫০। ব্যবস্থাপনা কমিটির সভার কোরাম হয় কত জন সদস্যের উপস্থিতিতে?	এক দ্বিতীয়াংশ সদস্যের উপস্থিতিতে। বিধি ৪৪
৫১। সমিতি তার লাভের কত অংশ লভ্যাংশ আকারে বিতরণ করতে পারে?	সাধারণ সভার সিদ্ধান্ত গ্রহণ সাপেক্ষে পরিশোধিত শেয়ার মূলধনের ৭৫%। বিধি (৮৩)